

## 💵 সুনান আত তিরমিজী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৬৫৮

(کتاب الزکاة عن رسول الله ﷺ) वर्ग वर्ग ﴿﴾

পরিচ্ছেদঃ ২৬. আত্মীয়-স্বজনদের যাকাত দেয়া

باب مَا جَاءَ فِي الصَّدَقَةِ عَلَى ذِي الْقَرَابَةِ

## আরবী

حَدَّتَنَا قُتَيْبَةُ، حَدَّثَنَا سُفْيَانُ بُنُ عُيَيْنَةَ، عَنْ عَاصِمٍ الأَحْوَلِ، عَنْ حَفْصَةَ بِنْتِ سِيرِينَ، عَنِ الرَّبَابِ، عَنْ عَمِّهَا، سَلْمَانَ بُنِ عَامِرٍ يَبْلُغُ بِهِ النَّبِيَّ صلى الله عليه وسلم قَالَ " إِنَا أَفْطَرَ أَحَدُكُمْ فَلْيُفْطِرْ عَلَى تَمْرٍ فَإِنَّهُ بَرَكَةٌ فَإِنْ لَمْ يَجِدْ تَمْرًا فَالْمَاءُ فَإِنَّهُ طَهُورٌ " . وَقَالَ " الصَّدَقَةُ عَلَى الْمِسْكِينِ صَدَقَةٌ وَهِيَ عَلَى ذِي الرَّحِمِ ثِنْتَانِ صَدَقَةٌ وَصِلَةٌ " . قَالَ وَفِي الْبَابِ عَنْ زَيْنَبَ امْرَأَةِ عَبْدِ اللَّهِ بْنِ مَسْعُودِ وَجَابِرٍ وَأَبِي هُرَيْرَةَ . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ الْبَابِ عَنْ زَيْنَبَ امْرَأَةِ عَبْدِ اللَّهِ بْنِ مَسْعُودِ وَجَابِرٍ وَأَبِي هُرَيْرَةَ . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ الْبَابِ عَنْ زَيْنَبَ امْرَأَةِ عَبْدِ اللَّهِ بْنِ مَسْعُودِ وَجَابِرٍ وَأَبِي هُرَيْرَةَ . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ الْبَابِ عَنْ النَّائِحِ بِنْت صُلُياعٍ . وَهَكَذَا رَوَى سُفْيَانُ التَّوْرِيُّ عَنْ عَاصِمٍ عَنْ حَفْصَةَ بِنْت سِيرِينَ عَنِ الرَّبَابِ عَنْ سَلْمَانَ بْنِ عَامِرٍ عَلْ حَفْصَةَ بِنْت سِيرِينَ عَنْ الرَّبَابِ . وَحَدِيثُ سُفْيَانُ التَّوْرِيِ عَنْ سَلْمَانَ بْنِ عَامِرٍ . وَلَمْ يَذْكُرُ فِيهِ عَنِ الرَّبَابِ . وَحَدِيثُ سُفْيَانَ التَّوْرِيِ عَامِرٍ عَامِرٍ عَامِرٍ . وَلَمْ يَذْكُرُ فِيهِ عَنِ الرَّبَابِ . وَحَدِيثُ سُفْيَانَ التَّوْرِيِ عَامِرٍ عَامِرٍ . وَلَمْ يَذْكُرُ فِيهِ عَنِ الرَّبَابِ . وَحَدِيثُ سُفْيَانَ التَّوْرِيِ عَامِرٍ عَامِرٍ عَامِرٍ . وَلَمْ يَذْكُرُ فِيهِ عَنِ الرَّبَابِ . وَحَدِيثُ سُفْيَانَ التَّوْرِي وَهِشَامُ بْنُ حَسَّانَ عَنْ عَنْ مَنْ عَلْمِ يَابِي عَنْ الرَّبَابِ عَنْ سَلْمَانَ بْنِ عَامِرٍ . وَلَمْ يَوْنٍ وَهِشَامُ بْنُ حَسَّانَ عَنْ عَنْ مَلْمَانَ بْنِ عَامِرٍ . وَلَوْ يَوْشَامُ بْنُ حَسَّانَ عَنْ عَنْ مَلْمَانَ بْنِ عَامِرٍ .

## বাংলা

৬৫৮। সালমান ইবনু আমির (রাঃ) হতে বর্ণিত আছে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যখন তোমাদের কোন লোক ইফতার করে, সে যেন খেজুর দিয়ে ইফতার করে। কেননা, এতে বারকাত আছে। যদি সে খেজুর না পায় তবে যেন পানি দিয়ে ইফতার করে। কেননা, পানি হল পবিত্র। — যঈফ, সঠিক হল রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের কর্ম (নির্দেশ নয়), ইবনু মা-জাহ (১৬৯৯)

তিনি আরো বলেছেনঃ গরীবদের দান-খায়রাত করা শুধু দান বলেই গণ্য হয়; কিন্তু আত্মীয়-স্বজনকে দান করলে তা দানও হয় এবং আত্মীয়তাও রক্ষা করা হয়। — সহীহ, ইবনু মা-জাহ (১৮৪৪)



আবদুল্লাহ ইবনু মাসউদের স্ত্রী যাইনাব, জা-বির ও আবু হুরাইরা (রাঃ) হতেও এ অনুচ্ছেদে হাদীস বর্ণিত আছে। এ হাদীসটিকে আবু ঈসা হাসান বলেছেন। বর্ণনাকারী আর-রাবাব হলেন সুলাই'এর কন্যা উম্মুর রায়িহ। এ ভাবেই সুফিয়ান সাওরী বর্ণনা করেছেন আসিম হতে, তিনি হাফসা বিনতু সীরীন হতে, তিনি আর-রাবাব হতে। আর শুবা বর্ণনা করেছেন আসম হতে, তিনি হাফসা বিনতু সীরীন হতে, তিনি সালমান ইবনু আমির হতে। শুবা আর-রাবাব-এর উল্লেখ করেন নাই। এর মধ্যে সুফিয়ান সাওরী ও ইবনু উআইনার বর্ণনাটি বেশি সহীহ। ইবনু আউন এবং হিশাম ইবনু হাসসান বর্ণনা করেছেন হাফসা বিনতু সীরীন হতে, তিনি আর-রাবাব হতে, তিনি সালমান ইবনু আমির হতে।

## **English**

Hafsah bint Sirin narrated from Ar-Rabab, from her uncle Salman bin Amir that he related that :

the Prophet said: "When one of you breaks his fast, then let him do so with dried dates, for they are blessed. Whoever does not find dates, then water, for it is purifying." And he said: "Charity given to the needy is (counted as) charity, and if it is given to relatives it is (counted as) two: charity and nurturing (the ties of kinship)."

হাদিসের মান: সহিহ/যঈফ [মিশ্রিত] পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হুসাইন আল-মাদানী

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন